# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

## আরবী

وَعَنْ كَعْبِ الْأَحْبَارِ قَالَ: لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَيِ الْمُصَلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يُخْسَفَ بِهِ خَيْرًا مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيْهِ. وَفِي رِوَايَةٍ: أَهْوَنَ عَلَيْهِ. رَوَاهُ مَالِكٌ

## বাংলা

৭৮৮-[১৭] কা’ব ইবনু আহবার (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যদি সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর সামনে দিয়ে অতিক্রমকারী জানতো তার এই অপরাধের শাস্তি কি, তাহলে সে নিজের জন্য ভূগর্ভে ধ্বসে যাওয়াকে সালাত আদায়কারীর সামনে দিয়ে যাবার চেয়েও উত্তম মনে করতো। অন্য এক বর্ণনায় ’উত্তম’-এর স্থানে ’বেশী সহজ’ শব্দ এসেছে। (মালিক)[1]

## ফুটনোট

[1] মাক্বতূ‘ : মুয়াত্ত্বা মালিক ৩৬৩। হাদীসের সানাদটি সহীহ তবে তা বিচ্ছিন্ন। অর্থাৎ- তাবি‘ঈ কা‘ব আল্ আহবার পর্যন্ত পৌঁছেছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘ব্যক্তি যদি জানতো যে, সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর সামনে দিয়ে যাতায়াত করা কত বড় অন্যায় তাহলে সে এ কাজ করার চেয়ে নিজে ধ্বসে যাওয়া উত্তম মনে করতো’’ কিংবা ‘‘ধ্বসে যাওয়া তার কাছে সহজ হতো’’ কারণ হল- ধ্বসে যাওয়াটা এ দুনিয়ার শাস্তি। আর এ দুনিয়ার যে কোন শাস্তি পরকালের শাস্তির চেয়ে সহজ। অপরদিকে পরকালের যে কোন শাস্তি এ দুনিয়ায় যে কোন শাস্তির চেয়ে কঠিন ও কষ্টকর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন